# পাল্টাপাল্টি হামলায় বাড়ছে ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনা



সংগৃহীত ছবি

চলমান উত্তেজনার মধ্যে উপসাগরীয় অঞ্চলে অবস্থিত যুক্তরাষ্ট্রের বিভিন্ন সামরিক ঘাঁটিতে নতুন করে হামলা চালিয়েছে ইরান। একই সময়ে ইরানের বিভিন্ন স্থানে রাতভর হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র।

বৃহস্পতিবার (১৬ জুলাই) প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বিবিসি।

ইরানের পক্ষ থেকে জানানো হয়েছে, জর্ডান, কুয়েত ও বাহরাইনসহ অঞ্চলের বিভিন্ন মার্কিন স্থাপনা ও লক্ষ্যবস্তুতে হামলা চালানো হয়েছে। টানা ষষ্ঠ দিনের মতো চলতে থাকা এই সংঘাত যুদ্ধবিরতি বা সংকট নিরসনের সম্ভাব্য উদ্যোগগুলোর ওপর নতুন চাপ তৈরি করেছে।

অন্যদিকে মার্কিন সামরিক বাহিনী জানিয়েছে, হরমুজ প্রণালিতে বাণিজ্যিক ও বেসামরিক নৌ চলাচলের নিরাপত্তা নিশ্চিত করতে এবং ইরানের সামরিক সক্ষমতা দুর্বল করার লক্ষ্য নিয়ে একাধিক স্থানে ছয় ঘণ্টাব্যাপী ধারাবাহিক অভিযান চালানো হয়েছে।

এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে আবারও আলোচনায় ফেরার আহ্বান জানিয়ে সতর্ক করেন, কূটনৈতিক প্রচেষ্টা ব্যর্থ হলে ওয়াশিংটন নতুন সামরিক পদক্ষেপ নিতে পারে।

LENS ASIA